NYC HEALTH+ HOSPITALS | Elmhurst

# প্রসববেদনা, প্রসব, এবং চেতনানাশক (অ্যানেস্থেশিয়া): কোন কোন বিষয়গুলি আপনার জানা উচিৎ

NYC Health + Hospitals/Elmhurst লেবার অ্যান্ড ডেলিভারিতে আপনাকে স্বাগত। আপনার অ্যানেস্থেশিয়া টিম হিসেবে, আমরা চাই যেন সাধারণ ভুল ধারণাগুলির পাশাপাশি প্রসবের সময়ে যন্ত্রণার উপশম সম্পর্কে আপনি অবগত থাকেন।

## প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী:

### অ্যানেস্থেশিয়া টিম

**অ্যানেস্থেশিয়া টিম সম্পর্কে কোন বিষয়গুলি আমার জানার প্রয়োজন রয়েছে?**

অ্যানেস্থেশিয়া টিম একজন ফিজিসিয়ান অ্যানেস্থেসিওলজিস্ট এবং একজন প্রত্যয়িত নথিভুক্ত নার্স অ্যানেস্থেটিস্ট-এর সমন্বয়ে গঠিত। আপনার যন্ত্রণা উপশমের জন্য এবং আপৎকালীন পরিস্থিতিতে আপনাকে অতিরিক্ত সুরক্ষিত রাখার জন্য আমাদের পরিষেবা 24/7 উপলব্ধ।

**আমার অ্যানেস্থেশিয়া টিমের সাথে কোন তথ্যাবলী আমার ভাগ করে নেওয়া উচিৎ?**

অনুগ্রহ করে আপনার চিকিৎসার ইতিহাস সম্পর্কে আমাদের বলুন। প্রসবের জন্য আপনি অ্যানেস্থেশিয়া বেছে নিন বা না নিন, অনুগ্রহ করে যে কোনও প্রকারের শারীরিক সমস্যার বিষয়ে আমাদের জানাবেন যাতে আপনাকে হাসপাতালে ভর্তির সময়ে আমরা আপনাকে যথাসম্ভব নিরাপদ রাখতে পারি।

### প্রসববেদনা এবং যন্ত্রণার উপশম

**প্রসবের সময়ে যন্ত্রণা নিয়ন্ত্রণের কোন কোন বিকল্পগুলি আমার কাছে উপলব্ধ রয়েছে?**

প্রসবের সময়ে যন্ত্রণা নিয়ন্ত্রণের সর্বাধিক প্রচলিত দুটি পদ্ধতি হল:

+ IV ওষুধ
+ এপিডিউরাল ওষুধ

IV যন্ত্রণার ওষুধ আপনাকে ও আপনার শিশুকে ঘুম পাড়িয়ে দিতে পারে। এপিডিউরাল পদ্ধতিতে আপনার বা আপনার শিশুর ঘুম পাবে না এবং IV-এর থেকে আরও ভালো ভাবে যন্ত্রণার উপশম হবে।

**এপিডিউরাল কী?**

একটি ছোট প্লাস্টিক টিউব-এর মাধ্যমে আপনার পিঠের "এপিডিউরাল স্পেস" নামে পরিচিত একটি নির্দিষ্ট অংশে আমরা যন্ত্রণা উপশমকারী ওষুধ প্রয়োগ করে থাকি। আপনার নাভি থেকে পায়ের পাতা পর্যন্ত অনুভূতি হ্রাস পাবে। এরপরেও আপনি হয়ত সংকোচনের চাপ অনুভব করতে পারবেন, কিন্তু তীক্ষ্ণ যন্ত্রণা আর অনুভব করতে পারবেন না। সন্তান প্রসব না করা পর্যন্ত ধারাবাহিকভাবে এই ওষুধ প্রয়োগ করা হয়। প্রয়োজন হলে প্রতি 20 মিনিট অন্তর আরও বেশি পরিমাণে যন্ত্রণা উপশমকারী ওষুধ পাওয়ার জন্য আপনি একটি বাটনে চাপ দিতে পারেন। বাটনে চাপ দিয়ে খুব বেশি ওষুধ গ্রহণের বিষয়ে দুশ্চিন্তা করবেন না; এই ব্যবস্থায় একটি পূর্ব-নির্দিষ্ট নিরাপত্তা সীমা থাকে।

**এপিডিউরাল পদ্ধতিতে কি যন্ত্রণা হয়?**

আপনার পিঠের নিচের অংশে এপিডিউরাল প্রয়োগ করার পূর্বে, আমরা একটি ওষুধের একটি ছোট ইঞ্জেকশনের মাধ্যমে সেই অংশটিকে অসাড় করে দিই। 10 সেকেন্ড ধরে ইঞ্জেকশনটি প্রয়োগ করা হয়। সেই অংশটি অসাড় হয়ে গেলে, আমরা এপিডিউরাল প্রয়োগে এগিয়ে যাই। আমরা এই পদ্ধতিটি করার সময়ে আপনি পিঠে চাপ অনুভব করবেন। যদি আপনি কোনও তীক্ষ্ণ অনুভূতি অনুভব করেন, তাহলে আমরা অসাড় করার ওষুধ আরও বেশি পরিমাণে প্রয়োগ করি।

ক্রমশ ▶

**আমার পিঠে কি কোনও সূচ ফোটানো হবে?**

এপিডিউরালটি লাগানোর সময় একটি ছোট সূচ ব্যবহার করা হবে। তবে, ছোট প্লাস্টিক টিউবটি বসানো হয়ে গেলে, আপনার পিঠের মধ্যে আর কোনও সূচ আটকে থাকবে না। যখন আপনি চিত হয়ে শোবেন, তখন কোনও ধারালো বস্তু সম্পর্কে আপনার উদ্বিগ্ন হওয়ার কোনও প্রয়োজন নেই।

**এপিডিউরালটি লাগানোর সময় আমি নড়াচড়া করলে কী ঘটবে? আপনারা এটি দেওয়ার সময়ে আমাকে কীভাবে বসতে হবে?**

এটি লাগানোর সময় চলাকালীন আপনি নড়াচড়া করলেও, আপনি আহত হবেন না। যদিও, আপনি নড়াচড়া করলে, এপিডিউরালটিকে লাগানো অসম্ভব না হলেও, এই কাজটি অনেক বেশি কঠিন হয়ে দাঁড়াবে। যখন আপনি এপিডিউরালটি লাগানোর জন্য উঠে বসবেন, তখন আপনার পিঠ, "C" অক্ষরটির মত, আপনার পেট বরাবর বেঁকে থাকবে। অনুগ্রহ করে নিচের চিত্রটি দেখুন।

**প্রসবের কোন পর্যায়ে আমি এপিডিউরাল পেতে পারি?**

প্রসব চলাকালীন যে কোনও সময়ে আপনি এপিডিউরাল পেতে পারেন। অনুগ্রহ করে সচেতন থাকুন, ওষুধটির পুরোপুরি কাজ শুরু করতে 15-20 মিনিট ময় লাগে। এবং যদি আপনি স্থির ভাবে বসে থাকতে না পারার মত তীব্র যন্ত্রণার জন্য অপেক্ষা করেন, তাহলে লাগানোর বিষয়টি আরও কঠিন হয়ে যেতে পারে।

**এপিডিউরাল-এর সুবিধাগুলি কী কী?**

প্রসব চলাকালীন যন্ত্রণা উপশমের জন্য এপিডিউরাল দারুন কার্যকর। ওষুধটি আপনাকে বা আপনার শিশুকে ঘুম পাড়াবে না এবং আপনার স্তন্যদানের ক্ষমতাকে প্রভাবিত করবে না। যদি আপনার আপৎকালীন সিজারিয়ান ডেলিভারির প্রয়োজন দেখা দেয়, তাহলে সার্জারির সময়ে আপনাকে আরাম প্রদান করার জন্য এবং আপনার সন্তানের জন্মগ্রহণের সময়ে আপনাকে জাগিয়ে রাখার জন্য আমরা এপিডিউরাল ব্যবহার করতে পারি। এপিডিউরাল ব্যতীত, আপৎকালীন সিজারিয়ানের সময়ে আমাদের আপনাকে ঘুম পাড়িয়ে রাখতে হবে।

**এপিডিউরাল কি আমার সিজারিয়ান সেকশনের সম্ভাবনা বাড়িয়ে দেবে?**

না। এপিডিউরাল কখনও সেই ঝুঁকি বৃদ্ধি করে না।

**এপিডিউরালের ঝুঁকিগুলি কী কী?**

প্রতিটি প্রক্রিয়াতেই ঝুঁকি ও উপকার থাকে। যদি আপনার ক্ষেত্রে ঝুঁকির থেকে উপকারের সম্ভাবনা বেশি থাকে কেবলমাত্র তাহলেই অ্যানেস্থেশিয়া টিম আপনাকে এপিডিউরাল প্রদান করবে। সংক্রমণ, রক্তপাত, স্নায়ুর আঘাত, অ্যালার্জি এবং মাথাযন্ত্রণার অল্প ঝুঁকি রয়েছে। নির্দিষ্টভাবে আপনার ক্ষেত্রে অতিরিক্ত ঝুঁকি এবং উপকারের বিষয়ে জানতে অনুগ্রহ করে আপনার অ্যানেস্থেশিয়া টিমের সাথে কথা বলুন।

## সিজারিয়ান ডেলিভারি এবং অ্যানেস্থেশিয়া

সার্জারির সময়ে আমার ক্ষেত্রে অ্যানেস্থেশিয়ার বিকল্পগুলি কী কী?

+ স্পাইনাল অ্যানেস্থেশিয়া
+ এপিডিউরাল অ্যানেস্থেশিয়া
+ স্পাইনাল ও এপিডিউরাল অ্যানেস্থেশিয়ার একটি সংমিশ্রণ
+ সাধারণ অ্যানেস্থেশিয়া (এই প্রক্রিয়া চলাকালীন আপনি সম্পূর্ণ ঘুমন্ত অবস্থায় থাকবেন)

বেশিরভাগ সময়েই, স্পাইনাল এবং/অথবা এপিডিউরাল পদ্ধতি আপনাকে ঘুম পাড়ানোর থেকে বেশি নিরাপদ। কিছু বিরল ক্ষেত্রে, আপনাকে ঘুম পাড়ানো স্পাইনাল বা এপিডিউরাল পদ্ধতি প্রয়োগ করার থেকে বেশি নিরাপদ। আপনার প্রয়োজনীয়তা অনুযায়ী অ্যানেস্থেশিয়া টিম আপনার জন্য অ্যানেস্থেশিয়ার পরিকল্পনাকে উপযোগী করে তুলবেন।

**স্পাইনাল ও এপিডিউরাল অ্যানেস্থেশিয়া কী? মিল ও পার্থক্যগুলি কী কী?**

কৌশলগুলি একই ধরণের। আপনার পেটের ওপরের দিক থেকে আপনার পায়ের পাতা পর্যন্ত আপনার শরীরকে অসাড় করতে আপনার পিঠের নিচের দিকে ইনজেকশনের মাধ্যমে ওষুধ প্রয়োগ করা হয়। এই অসাড়তা OB টিমকে আপনার জেগে থাকা অবস্থায় সিজারিয়ান ডেলিভারি করতে সাহায্য করে। প্রসব চলাকালীন আপনি সবসময়েই স্পর্শ এবং চাপ অনুভব করবেন, কিন্তু আপনি তীক্ষ্ণ কোনোকিছু অনুভব করতে পারবেন না।

একটি পার্থক্য হল, প্রয়োজন হলে কয়েক ঘণ্টা পরে আরও বেশি পরিমাণে অসাড় করার ওষুধ প্রদান করার জন্য এপিডিউরাল পদ্ধতিতে আপনার পিঠের মধ্যে একটি ছোট প্লাস্টিক টিউব রেখে দেওয়া হয়। অপরদিকে, স্পাইনাল পদ্ধতিটি নির্দিষ্ট স্থানে কোনো টিউব রেখে দেওয়ার পরিবর্তে একটিমাত্র শট হিসেবে কাজ করে। বেশিরভাগ রোগীর প্রসবের জন্য কেবলমাত্র স্পাইনাল পদ্ধতির প্রয়োজন হয়, যদিও, কিছু রোগীর স্পাইনাল ও এপিডিউরাল পদ্ধতির একটি সংমিশ্রণের প্রয়োজন হয়। কোন বিকল্পটিকে আপনার অ্যানেস্থেশিয়া টিম আপনার জন্য নির্দিষ্টভাবে সুপারিশ করছেন তা তাঁরা আপনাকে ব্যাখ্যা করবেন।

ক্রমশ ▶

### এপিডিউরাল অথবা স্পাইনাল পদ্ধতিতে কী যন্ত্রণা হবে?



আপনি আপনার পিঠের নিচের দিকে অসাড় করার ওষুধের ইনজেকশনটি অনুভব করবেন। এই অসাড় করার ওষুধটি 10 সেকেন্ড ধরে জ্বালা করে। সেই অংশটি অসাড় হয়ে গেলে, আমরা স্পাইনাল এবং/অথবা এপিডিউরাল স্থাপন করতে অগ্রসর হই। আমরা এই পদ্ধতিটি করার সময়ে আপনি পিঠে চাপ অনুভব করবেন। আপনি কোনও তীক্ষ্ণ অনুভূতি অনুভব করলে আমরা অসাড় করার ওষুধ আরও বেশি পরিমাণে প্রয়োগ করব।

### আমার পিঠে কি কোনও সূচ ফোটানো হবে?

স্পাইনাল অথবা এপিডিউরাল স্থাপনের সময়ে একটি ছোট সূচ ব্যবহার করা হবে। তবে একবার প্রক্রিয়াটি সম্পন্ন হয়ে গেলে, আপনার পিঠে আর কোনও সূচ থাকবে না। যখন আপনি চিত হয়ে শোবেন, তখন কোনও ধারালো বস্তু সম্পর্কে আপনার উদ্বিগ্ন হওয়ার কোনও প্রয়োজন নেই।

### স্পাইনাল/এপিডিউরাল দেওয়ার সময়ে আমি নড়াচড়া করলে কী ঘটবে? আপনারা এটি দেওয়ার সময়ে আমাকে কীভাবে বসতে হবে?

এটি লাগানোর সময় চলাকালীন আপনি নড়াচড়া করলেও, আপনি আহত হবেন না। যদিও, আপনি নড়াচড়া করলে, স্পাইনাল/এপিডিউরাল পদ্ধতিটি সম্পন্ন করা অনেক বেশি কঠিন হয়ে পড়বে। যখন আপনি এপিডিউরাল স্থাপনার জন্য উঠে বসবেন, তখন আপনার পিঠ, "C" অক্ষরটির মত, আপনার পেট বরাবর বেঁকে থাকবে। অনুগ্রহ করে নিচের চিত্রগুলি দেখুন।




### এপিডিউরাল/স্পাইনাল-এর সুবিধাগুলি কী কী?

অ্যানেস্থেশিয়ার জন্য এপিডিউরাল অথবা স্পাইনাল দারুন কার্যকর এবং সিজারিয়ান প্রসবের জন্য যন্ত্রণা উপশমকারী। এই ওষুধে আপনার বা আপনার শিশুর ঘুম পাবে না। আপনার পিঠে দুটি ওষুধ ইনজেকশনের মাধ্যমে একইসাথে প্রয়োগ করা হয়:

1. এমন একটি ওষুধ যা সার্জারির জন্য আপনার পেটের ওপর থেকে পায়ের পাতা পর্যন্ত অসাড় করে দেবে। রিকভারি রুমে এটির প্রভাব কমতে শুরু করবে।
2. এমন একটি ওষুধ যা অসাড় করার ওষুধের প্রভাব কমে যাওয়ার পরেও 24 ঘন্টা পর্যন্ত যন্ত্রণার উপশম ঘটাবে। আপনি সার্জারি থেকে সেরে ওঠার সময়ে এই ওষুধগুলি আপনার অন্যান্য যন্ত্রণা উপশমকারী ওষুধের প্রয়োজনকে দূর করবে না, কিন্তু আপনার যন্ত্রণা নিয়ন্ত্রণ করার জন্য যে পরিমাণ ওষুধের প্রয়োজন হবে সেই পরিমাণকে এগুলি কমিয়ে দেবে।

### স্পাইনাল এবং/অথবা এপিডিউরাল-এর ঝুঁকিগুলি কী কী?

প্রতিটি প্রক্রিয়াতেই ঝুঁকি ও উপকার থাকে। যদি আপনার ক্ষেত্রে ঝুঁকির থেকে উপকারের সম্ভাবনা বেশি থাকে কেবলমাত্র তাহলেই অ্যানেস্থেশিয়া টিম আপনাকে স্পাইনাল/এপিডিউরাল প্রদান করবে। সংক্রমণ, রক্তপাত, স্নায়ুর আঘাত এবং মাথাযন্ত্রণার ঝুঁকি কম রয়েছে। নির্দিষ্টভাবে আপনার ক্ষেত্রে অতিরিক্ত ঝুঁকি এবং উপকারের বিষয়ে জানতে অনুগ্রহ করে আপনার অ্যানেস্থেশিয়া টিমের সাথে কথা বলুন।

স্পাইনাল-এর পরে বমি ভাব বা বমি হওয়া খুবই সাধারণ ঘটনা, তাই আপনি কেমন অনুভব করছেন তা আমাদের জানান। এটি খুবই স্বাভাবিক ঘটনা এবং বিপজ্জনক নয়। এমন ঘটনা কমাতে আমরা ওষুধ প্রদান করে থাকি।